# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫৯৯

১৫/ দাওয়াত

পরিচ্ছেদঃ ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করার গুরুত্ব

## আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الخُدْرِي عَنِ النَّبِيّ ﷺ قَالَ إِيَّاكُمْ وَالجُلُوسَ في الطُّرُقَات فَقَالُوا : يَا رَسُولَ اللهِ مَا لَنَا مِنْ مجالِسِنا بُدٌّ نتحدث فِيها فَقَالَ رَسُولُ اللهِ ﷺ فَإِذَا أَبَيْتُمْ إِلاَّ المَجْلِسَ فَأَعْطُوا الطَّرِيقَ حَقَّهُ قَالُوْا : وما حَقُّ الطَّرِيقِ يَا رَسُولَ اللهِ ؟ قَالَ غَضُّ البَصَرِ وَكَفُّ الأَذَى وَرَدُّ السَّلامِ وَالأمْرُ بِالمَعْرُوفِ والنَّهيُ عن المُنْكَرِ مُتَّفَقٌ عَلَيه

## বাংলা

(১৫৯৯) আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা রাস্তায় বসা হতে বিরত থাক। সাহাবীগণ বললেন, 'হে আল্লাহর রসূল! সে মজলিসে না বসলে তো আমাদের উপায় নেই; আমরা সেখানে কথাবার্তা বলি।' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যখন তোমরা (সেখানে) না বসে মানবেই না, তখন তোমরা রাস্তার হক আদায় কর। তাঁরা বললেন, 'হে আল্লাহর রসূল! রাস্তার হক কি?' তিনি বললেন, দৃষ্টি সংযত রাখা, কাউকে কষ্ট না দেওয়া, সালামের জবাব দেওয়া, ভাল কাজের নির্দেশ ও মন্দ কাজ থেকে নিষেধ করা।

## ফুটনোট

(বুখারী ২৪৬৫, ৬২২৯, মুসলিম ৫৬৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65347

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন